

# ■■ সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৩৩০

৮/ সওম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ২০৫. শা'বানের শেষার্ধে রোযা রাখা মাকরহ।

باب فِي كَرَاهِيَةِ ذَلِكَ

### আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ، قَالَ قَدِمَ عَبَّادُ بْنُ كَثِيرِ الْمَدِينَةَ فَمَالَ إِلَى مَجْلِسِ الْعَلاَءِ فَأَخَذَ بِيَدِهِ فَأَقَامَهُ ثُمَّ قَالَ اللَّهُمَّ إِنَّ هَذَا يُحَدِّثُ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " إِذَا انْتَصَفَ شَعْبَانُ فَلاَ تَصُومُوا ". فَقَالَ النَّهُمُّ إِنَّ أَبِي حَدَّثَنِي عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم بِذَلِكَ .

#### বাংলা

২৩৩০. বুতায়বা ইবন সাঈদ, আবদুল আযীয ইবন মুহাম্মদ হতে বর্ণিত। তিনি বলেন, একদা আব্বাদ ইবন কাসীর মদীনা গিয়ে 'আলা ইবন আবদুর রহমানের মজলিসে পৌঁছলেন এবং তাঁর হাত ধরে তাঁকে দাঁড় করিয়ে বললেন, এই ব্যক্তি তাঁর পিতা হতে এবং তিনি আবূ হুরায়রা (রাঃ) হতে হাদীস বর্ণনা করেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ শা'বানের অর্ধেক যখন অতিবাহিত হয়, তখন তোমরা রোযা রাখবে না। তখন 'আলা বলেন, হে আল্লাহ্! আমার পিতা (আবদুর রহমান) আবূ হুরায়রা (রাঃ) হতে এবং তিনি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে এরূপ বর্ণনা করেছেন।

## **English**

### Narrated AbuHurayrah:

AbdulAziz ibn Muhammad said: Abbad ibn Kathir came to Medina and went to the assembly of al-Ala'. He caught hold of his hand and made him stand and said: O Allah, he narrates a tradition from his father on the authority of AbuHurayrah who reported the Messenger of Allah () as saying: When the middle of Sha'ban comes, do not fast. Al-Ala' said: O Allah, my father narrated this tradition on the authority of AbuHurayrah from the Prophet ()



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন